

সমবায় সমিতিতে বা ক্রেডিট ইউনিয়নে CSR কার্যক্রম

॥ এলড্রিক বিশ্বাস ॥

সমবায় সমিতির বা ক্রেডিট ইউনিয়নের মূল কাজ সদস্য-সদস্যদের থেকে শেয়ারে, সঞ্চয়ে জমা নেয়া, ঋণ প্রদান, ঋণ আদায়, সুদ আদায়, ফাইন আদায়, বার্ষিক সাধারণ সভা করা, নির্বাচনের মাধ্যমে ক্ষমতার রদবদল। এইসব সুনির্দিষ্ট কার্যক্রম বলা যায় সিংহভাগ সমবায় সমিতিতে বা ক্রেডিট ইউনিয়নে সম্পাদন হয়ে থাকে। এসকল কার্যক্রমের পাশাপাশি সমবায় সমিতিতে বা ক্রেডিট ইউনিয়নে CSR কার্যক্রম সম্পৃক্ত হয়েছে। Corporate Social Responsibility বা CSR আবার কি? এখন CSR-এর আলোকে SDF কার্যক্রম সমবায় সমিতিতে বা ক্রেডিট ইউনিয়নে সম্পৃক্ত হচ্ছে। SDF মানে Social Development Fund. যারা কম-বেশী সমবায় সমিতির বা ক্রেডিট ইউনিয়নের নেতৃত্বের সাথে সম্পৃক্ত তারা এখন অনুমান করেন যে অনেক নতুন কনসেপ্ট (Concept) গতানুগতিক কার্যক্রমের পাশাপাশি সম্পৃক্ত হচ্ছে। যেন সমবায় সমিতি বা ক্রেডিট ইউনিয়ন নিতে পারে কিছু সামাজিক উন্নয়নমূলক দায়িত্ব। এর শুরুটা খ্রীষ্টান সম্প্রদায়ের সমবায় সমিতিতে বা ক্রেডিট ইউনিয়নগুলো থেকে শুরু হয়েছে।

বর্তমান সময়ে অনেকগুলো সামাজিক কার্যক্রমের মাধ্যমে উৎসাহদান, পথনির্দেশ ও অনুপ্রেরণামূলক অনুষ্ঠান হাতে নিতে পারে সমবায় সমিতি বা ক্রেডিট ইউনিয়ন। যে সব কার্যক্রম ন্যূনতম খরচে করা সম্ভব। প্রথমে নেতাদের মধ্যে, কর্মী বাহিনীর মধ্যে, ক্রেডিট ইউনিয়নের ষ্টাফদের মধ্যে ও ক্রেডিট চেতনায় উদ্বুদ্ধদের মধ্যে উন্নয়নের ধারণা চিন্তাধারার চেতনা আনা সম্ভব (Transferring)।

যারা গ্রামে থাকে তারা শহরে আসলে দেখে সুন্দর পার্ক, আইল্যান্ডে সবুজ বেষ্টিত কারুকাজ, গাছাগাছালি, সমাজ সচেতনমূলক বক্তব্য, সাইনবোর্ডসহ আরো অনেক কিছু। সুন্দর সাজসজ্জায় ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল এসব শহরে সৌন্দর্যের সমাবেশ। এসব সৌন্দর্য উপভোগের সময় আপনি পার্শ্বে দেখবেন একটি সাইনবোর্ড। অমুক ব্যাংক, কোম্পানীর সৌজন্যে। অর্থাৎ ১০০% ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি কিছুটা সামাজিক দায়িত্ব পালন। এজন্য দায়িত্ব নিয়োজিত রাখে যারা সারা বৎসর পরিচর্যা করে সৌন্দর্যকে আরো আকর্ষণীয় করে রাখে। আমাদের ক্রেডিট ইউনিয়নগুলোতে CSR এর বদলে SDF এর আদলে হতে পারে নিজ নিজ এলাকায় উন্নয়ন। যেমন Career Planning সভা করা যেতে পারে। যেখানে স্কুলের ছাত্র-ছাত্রীদের ইঙ্গিত দেয়া যায় তারা ভবিষ্যতে কি বিষয়ে পড়ালেখা করবে। প্রায় ১০০ সমবায় সমিতি বা ক্রেডিট ইউনিয়ন আছে খ্রীষ্টিয় সমাজে। (ক্রেডিট ইউনিয়ন, হাউজিং, বহুমুখী সমিতি, পেশাজীবী সমিতি, যুব সমিতি, মৎসজীবী সমিতি প্রমুখ)

কোন বিষয়ের পড়াশুনা চাকুরী বা ব্যবসার ক্ষেত্রে ভাল তা ছাত্র-ছাত্রীদের ও অভিভাবকদের জানানো যেতে পারে। এভাবে আগামী ১০ বৎসর Career Development Program করলে আমাদের খ্রীষ্টিয় সমাজে অবশ্যই ব্যাপক পরিবর্তন আসবে। আমরা পাবো অনেক পেশাজীবী ও শিক্ষিত খ্রীষ্টভক্ত। সকল ধর্মপন্থীতে বা চার্চে আছে সমবায় সমিতি বা ক্রেডিট ইউনিয়ন। আমাদের আছে ডাক্তার, ইঞ্জিনিয়ার, ব্যবসায়ী, সরকারী কর্মকর্তা, বিসিএস কর্মকর্তা, বেসরকারী চাকুরীজীবী, কর্পোরেট প্রতিষ্ঠানের কর্মকর্তা, ব্যাংকার, আইটিসহ বিভিন্ন পেশাদারী। সমাজে যারা প্রতিষ্ঠিত তাদের রিসোর্স পার্সন হিসাবে অনুরোধ করলে তারা তা অবশ্যই সেই আবেদনের প্রতি সম্মান দেখাবেন।

অনুষ্ঠান হতে পারে সারাদিনের জন্য বা বিকেল থেকে সন্ধ্যা পর্যন্ত। অনুষ্ঠানে থাকতে পারে দলীয় আলোচনা, সকল পেশাজীবীদের জীবনে তারা কিভাবে এ পর্যায়ে এসেছে তাদের সংগ্রামী জীবনের কথাবার্তা ও অভিজ্ঞতা শেয়ারিং। প্রসঙ্গত উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর জনাব আতাউর রহমান এর জীবনীতে আমরা দেখতে পাই তিনি ছোট বেলায় একজন রাখাল ছিলেন, অন্যের বাড়ীতে পড়াশুনা করে, লেখাপড়ায় একাগ্র থেকে, ইচ্ছা ও মনোবলে দৃঢ় থেকে